



চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

স্মারক নং-৮(৩৬)/২০২১/২৪২২

তারিখঃ ২৮/০৬/২০২১খ্রিঃ

বরাবর
পুলিশ কমিশনার
চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ
চট্টগ্রাম।

বিষয়ঃ সরকার কর্তৃক ঘোষিত “লক ডাউন” চলাকালীন সময়ে সি এন্ড এফ এজেন্ট ও তাঁদের কর্মচারীদের কর্মস্থলে নির্বিঘ্নে যাতায়াতে সহযোগিতা প্রদানের অনুরোধ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। বাংলাদেশের অর্থনীতির অন্যতম প্রধান চালিকা শক্তি চট্টগ্রাম বন্দর। এই গুরুত্ব বিবেচনা করে সরকার কর্তৃক বন্দর এবং কাস্টমস্ এর কার্যক্রম “লক ডাউন” চলাকালীন সময়ে সচল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। চট্টগ্রাম বন্দর এর মাধ্যমে আমদানিকৃত সকল পণ্য খালাস এবং রপ্তানি পণ্য জাহাজীকরণের কাজ সি এন্ড এফ এজেন্টগণ সম্পন্ন করেন। এ কাজগুলো সম্পন্ন করতে তাঁদের চট্টগ্রাম বন্দর, বিমান বন্দর, ১৮টি প্রাইভেট আইসিডি (অফডক), কাস্টম হাউস, ব্যাংক এবং আত্মবাদ বাণিজ্যিক এলাকাসহ চট্টগ্রাম শহরের বিভিন্ন এলাকায় অবস্থিত শিপিং এজেন্ট ও ফ্রাইট ফরওয়ার্ডার এর অফিসে যাতায়াত করতে হয়। কর্মরত অবস্থায় সি এন্ড এফ এজেন্টগণ কাস্টমস্ অথবা বন্দর কর্তৃপক্ষের Entry Pass এবং কর্মচারীগণ কাস্টমস্ সরকার লাইসেন্স, জেটি সরকার লাইসেন্স অথবা সংশ্লিষ্ট সি এন্ড এফ প্রতিষ্ঠানের পরিচয়পত্র বহন করেন। তাঁদের নির্বিঘ্নে কর্মস্থলে যাতায়াত করার উপর বন্দর এর কার্যক্রম সচল থাকা অনেকাংশে নির্ভর করে।

এমতাবস্থায় সি এন্ড এফ এজেন্টদের ক্ষেত্রে বন্দর অথবা কাস্টমস্ এর Entry Pass এবং কর্মচারীদের ক্ষেত্রে কাস্টমস্ সরকার লাইসেন্স, জেটি সরকার লাইসেন্স অথবা সংশ্লিষ্ট সি এন্ড এফ প্রতিষ্ঠানের পরিচয়পত্র প্রদর্শন সাপেক্ষে, শুধুমাত্র কর্মস্থলে নির্বিঘ্নে যাতায়াতে অনুমতি প্রদানের জন্য আপনাকে সবিনয়ে অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদান্তে,

মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)
সাধারণ সম্পাদক

দাপ্তরিক লিপি
প্রদর্শন মালিক
চলতে - অধ্যক্ষ প্রদান
হুম, ১/৭/২১